

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট ব্যবস্থাপনা কমিটির (বি এম সি) ২য় ত্রৈমাসিক সভার
কার্যবিবরণী

৩০ অক্টোবর ২০১৭খ্রিঃ তারিখে বিকাল ৩:৩০ টায় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব ও বি,এম,সির সভাপতি জনাব জয় দত্ত বড়ুয়ার সভাপতিত্বে বাজেট ব্যবস্থাপনা কমিটির ২য় ত্রৈমাসিক সভা ট্রাস্টের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোল্লিখিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

- ১। মি. জয় দত্ত বড়ুয়া, ট্রাস্ট সচিব সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি।
- ২। মি. শ্যামল মিত্র বড়ুয়া, উপ-পরিচালক সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি।
- ৩। মি. যুগল তনচংগ্যা, হিসাব রক্ষণ কর্মকর্তা সদস্য, বাজেট ব্যবস্থাপনা কমিটি।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। নিম্নোক্ত আলোচ্য বিষয়সমূহ সভায় আলোচনা করা হয়।

আলোচ্যসূচী - ০১ : ২০১৭-১৮ অর্থ বছরের বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের অনুকূলে বরাদ্দ প্রাপ্ত অর্থের ছাড়কৃত প্রথম
কিস্তির অর্থের ব্যয় সংক্রান্ত।

সভায় অবহিত করা হয় যে, ২০১৭-১৮ অর্থ বছরের ট্রাস্টের অনুকূলে সাধারণ মঞ্জুরী খাতে র সাহায্য মঞ্জুরী উপ-খাতের (৫৯০১, ৫৯২৫ ও ৫৯৭৪) বরাদ্দ প্রাপ্ত ৪৩.৫০ লক্ষ টাকার ১ম ত্রৈমাসিক কিস্তির অর্থ ছাড় করা হয়। উক্ত ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে বলে সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা সভায় অবহিত করেন। ব্যয়িত অর্থের হিসাব প্রতিবেদন ইতোমধ্যে iBAS++ এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

সভায় প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্পের বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, উন্নয়ন খাতে প্রকল্পের ২০১৭-১৮ অর্থবছরে বরাদ্দ প্রাপ্ত ৮৬.০০ লক্ষ টাকার ১ম ও ২য় কিস্তির ছাড় করা হয়। উক্ত ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী যথাযথভাবে সংরক্ষণ ও হিসাব প্রতিবেদন তৈরী করা হয়েছে বলে প্রকল্পের হিসাব রক্ষক জানিয়েছে। ব্যয়িত অর্থের হিসাব প্রতিবেদন যথাসময়ে iBAS++ এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

আলোচ্যসূচী - ০২ : ২০১৭-১৮ অর্থবছরের বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের (অনুন্নয়ন ও উন্নয়ন) বাজেট বাস্তবায়ন ও
পরিবীক্ষণ প্রতিবেদন ও ২য় ত্রৈমাসিক কিস্তির অর্থ ছাড়করণ সংক্রান্ত।

সভায় অবহিত করা হয় যে, ২০১৭-১৮ অর্থবছরের ট্রাস্টের অনুকূলে অনুন্নয়ন সাধারণ মঞ্জুরী খাতের ৩টি উপ খাতের (৫৯০১, ৫৯২৫ ও ৫৯৭৪) বরাদ্দ প্রাপ্ত ৪৩.৫০ লক্ষ টাকার ২য় ত্রৈমাসিক কিস্তির অর্থ ছাড়করণের নিমিত্ত জি,ও ইস্যু করার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণালয়ে তা প্রত্যাধীন রয়েছে। প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্পের বরাদ্দ প্রাপ্ত ৮৬.০০ লক্ষ বাজেট (ব্যয়) বাস্তবায়ন কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রণয়ন করা হয়েছে। বাস্তবায়ন কর্ম পরিকল্পনা অনুযায়ী ও বিধি মোতাবেক ২য় ও ৩য় কিস্তির অর্থ ছাড়করণের নিমিত্ত জি,ও ইস্যুর পত্র প্রেরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে বলে প্রকল্পের হিসাব রক্ষক জানান। বাজেট (ব্যয়) বাস্তবায়ন কর্ম পরিকল্পনা ও বিধি মোতাবেক ২০১৭-১৮ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক কিস্তির অর্থ ছাড়করণের কার্যক্রম যথাসময়ে ব্যবস্থা গ্রহণের জন্য ট্রাস্টের সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা ও প্রকল্পের হিসাব রক্ষককে নির্দেশনা প্রদান করা হয়। অনুরোধ করা হয়।

অতঃপর, আলোচনার জন্য আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

A. Barua

৩০/১০/১৭

(জয় দত্ত বড়ুয়া)

সচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও

সভাপতি

বাজেট ব্যবস্থাপনা কমিটি

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট